



হামলা হলে উচ্চমাত্রার ইউরেনিয়াম সমৃদ্ধকরণে যেতে পারে ইরান



ইব্রাহিম রেজায়ি। ছবি: সংগৃহীত

আবার হামলার মুখে পড়লে পারমাণবিক সক্ষমতা আরও বাড়ানোর ইঙ্গিত দিয়েছে ইরান। দেশটি জানিয়েছে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের পক্ষ থেকে নতুন করে আঘাত এলে ইউরেনিয়াম ৯০ শতাংশ পর্যন্ত সমৃদ্ধ করার সিদ্ধান্ত বিবেচনায় নেওয়া হতে পারে।

মঙ্গলবার (১২ মে) সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে এ তথ্য জানান ইরানের সংসদীয় কমিশনের মুখপাত্র ইব্রাহিম রেজায়ি। তিনি বলেন, তেহরানের বিরুদ্ধে আবার সামরিক হামলা হলে কঠোর জবাবের অংশ হিসেবে উচ্চমাত্রায় ইউরেনিয়াম সমৃদ্ধকরণের বিষয়টি সংসদে আলোচনা হতে পারে।

বিশ্লেষকদের মতে, ৯০ শতাংশ পর্যন্ত ইউরেনিয়াম সমৃদ্ধকরণকে পারমাণবিক অস্ত্র তৈরির কাছাকাছি সক্ষমতা হিসেবে বিবেচনা করা হয়। ফলে মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনার মধ্যে ইরানের এমন অবস্থান আন্তর্জাতিক অঙ্গনে নতুন উদ্বেগ তৈরি করেছে।

LENS ASIA